**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 09-01-2026**

**Time : 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

## CM-Blood Donation :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রান্তিক মানুষের কাছে চিকিৎসার সুযোগ পৌঁছে দিতে রাজ্যের হাসপাতালগুলিকে আরও জনবান্ধব ও আধুনিক করে গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। গতকাল আগরতলা সরকারি নার্সিং কলেজে রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, আধুনিক হাসপাতাল, উন্নত চিকিৎসা সরঞ্জাম, আধুনিক চিকিৎসা পরিষেবা, দক্ষ চিকিৎসা কর্মী, চিকিৎসক ইত্যাদি সমন্বয়ের মাধ্যমে সরকার রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থাকে শক্তিশালী করার প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। স্বেচ্ছা রক্তদান সম্পর্কে তিনি বলেন, রক্তদান শুধুমাত্র একটি আনুষ্ঠানিক কর্মসূচি নয়- এটি মানবধর্ম পালনের একটি বিরাট সুযোগ।

********************

## President-PM Wish :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন, মানুষের জন্য কাজ করার মানসিকতা প্রতিফলিত হয় রক্তদানের মতো কাজের মাধ্যমে। মুখ্যমন্ত্রীর জন্মদিন উপলক্ষে গতকাল স্বাস্থ্য বিভাগীয় কর্মচারীদের উদ্যোগে আগরতলা

গভঃ নার্সিং কলেজ অডিটরিয়ামে আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরে একথা বলেন তিনি।

**********************

**PM, AI Impact Summit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুনদিল্লিতে তাঁর বাসভবনে ভারতীয় এআই স্টার্ট-আপগুলির সঙ্গে গোলটেবিল বৈঠক করেন। আগামী মাসে ভারতে অনুষ্ঠেয় ইন্ডিয়া এ.আই. ইমপ্যাক্ট সামিট ২০২৬-শুরু হওয়ার আগে, বারোজন ভারতীয় এ.আই. স্টার্ট-আপ যারা সকলের জন্য এআই: গ্লোবাল ইমপ্যাক্ট চ্যালেঞ্জের জন্য যোগ্যতা অর্জন করেছে, তারা গোলটেবিল বৈঠকে অংশ নেন। বৈঠকে তারা তাদের ধারণা এবং কাজ উপস্থাপন করেন। বৈঠকে, প্রধানমন্ত্রী সমাজে রূপান্তর আনতে কৃত্রিম বুদ্ধিমত্তার গুরুত্ব তুলে ধরেন। তিনি উল্লেখ করেন, স্টার্টআপ এবং এআই উদ্যোক্তারা ভারতের ভবিষ্যতের সহ-স্থপতি এবং বলেন, দেশের উদ্ভাবন এবং বৃহৎ পরিসরে বাস্তবায়নের জন্য তাদের অপরিসীম ক্ষমতা রয়েছে। তিনি আরও বলেন, ভারতের উচিত বিশ্বের কাছে একটি অনন্য এ.আই. মডেল উপস্থাপন করা যা মেড ইন ইন্ডিয়া, মেড ফর দ্য ওয়ার্ল্ডের চেতনাকে প্রতিফলিত করে।

কেন্দ্রীয় বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো এবং দপ্তরের প্রতিমন্ত্রী জিতিন প্রসাদও বৈঠকে উপস্থিত ছিলেন।

এই এ.আই. সামিটে ফরাসী রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রো অংশ নেবেন | ম্যাক্রো নিজেই গতকাল একথা জানিয়েছেন | আগামী ১৯ থেকে ২০ ফেব্রুয়ারি নিয়াদিল্লিতে এই সামিট অনুষ্ঠিত হবে |

********************

**Ratan Lal Nath-G RAM G :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, কেন্দ্রীয় সরকার গ্রামীন বিকাশের স্বার্থে বিকশিত ভারত জি রাম জি আইন প্রবর্তন করেছে। তিনি বলেন, নতুন এই আইনে গ্রামীন এলাকায় বছরে ১00 দিনের পরিবর্তে ১২৫ দিন কাজের সংস্থান করা হয়েছে। দূর্নীতি রোধ করার ব্যবস্থাও জোরদার করা হয়েছে। এই খাতে অর্থ বরাদ্দও বৃদ্ধি করা হয়েছে| গতকাল মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন| নতুন এই আইন প্রবর্তনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহানকে ধন্যবাদ জানিয়ে কৃষিমন্ত্রী বলেন, এই আইনের ফলে ত্রিপুরা রাজ্যও যথেষ্ট উপকৃত হবে। ২00৫ সাল থেকে ২0১4 সাল পর্যন্ত এম জি এন রেগায় কেন্দ্রীয় সরকারের অর্থ বরাদ্দ যেখানে ২ লক্ষ ১৩ হাজার কোটি টাকা ছিল, এন ডি এ আমলে ২0১৫ সাল থেকে ২0২৫ সাল পর্যন্ত তা বেড়ে হয়েছে ৭ লক্ষ ৮0 হাজার কোটি টাকা। তিনি বলেন, ত্রিপুরায় ৬ লক্ষ ৫৬ হাজার জবকার্ডধারী রয়েছেন।

তিনি বলেন, নতুন আইনে, গ্রামে স্থায়ী সম্পদ সৃষ্টি, জল সংরক্ষন, জল নিরাপত্তা, গ্রামীন জনগোষ্ঠীর আত্মনির্ভরশীলতার প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে। এই আইনে জবকার্ডধারীরা কাজ চেয়ে কাজ না পেলে বেকার ভাতা পাওয়ার অধিকারী হবেন। তিনি বলেন, আজীবিকা মিশনে আত্মনির্ভরশীল হওয়ারও সুযোগ রয়েছে নতুন এই আইনে।

**********************

**Swadesh mela :**

আগরতলা পুর নিগিমের উদ্যোগে আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে স্বদেশী মেলার আয়োজন করা হয়েছে | তিনদিনব্যাপী এই মেলার আজ বিকেলে উদ্বোধন | উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা।

********************

**DIST LEVEL JON PROSASON :**

গোমতী জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল জেলা শাসকের অফিস প্রাঙ্গনে গোমতি জেলাভিত্তিক প্রশাসন জন শুনানি শিবির অনুষ্ঠিত হয়| জেলা শাসক রিঙ্কু লাথের আমাদের জেলা প্রতিনিধি শ্যামসুন্দর দত্তকে জানান, জনসাধারণ তাদের বিভিন্ন সমস্যা ও অভিযোগ প্রশাসনের সামনে উপস্থাপন করেন, যার মধ্যে নাগরিক পরিষেবা, রাজস্ব সংক্রান্ত বিষয়, কল্যাণমূলক প্রকল্প এবং প্রশাসনিক পরিষেবা অন্তর্ভুক্ত ছিল। সংশ্লিষ্ট আধিকারিকরা অভিযোগগুলি শুনে দ্রুত সমাধানের বিষয়ে আশ্বাস দেন| বেশ কিছু অভিযোগ তাৎক্ষণিকভাবে নিষ্পত্তি করা হয়|

************************

**Minister Sukla charan Noatia :**

আগামী ২৯ ও ৩০শে জানুয়ারি উদয়পুরের গর্জিতে দুইদিনব্যাপী রাজ্যভিত্তিক দশম নোয়াতীয়া হদা মেলা অনুষ্ঠিত হবে| এই উপলক্ষ্যে গতকাল উদয়পুরে এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়| উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুক্লা চরণ নোয়াতিয়া,

বিধায়ক অভিষেক দেবরায়, গোমতী জেলা শাসক রিংকু লাথের, জেলা পুলিশ সুপার ডঃ কিরণ কুমার কে|

**********************

**Sin-in Protest :**

DYFI এবং TYF এর যৌথ উদ্যোগে গতকাল ঊনকোটি জেলার কুমারঘাটের নেতাজি চৌমুহনীতে তিন ঘণ্টার অবস্থান ধর্ণা অনুষ্ঠিত হয়। কর্মসংস্থানের দাবীতে ও বিভিন্ন সরকারী ক্ষেত্রে অনিয়মের বিরুদ্ধে কর্মসূচি নেওয়া হয় উত্তর ত্রিপুরা ও ঊনকোটি জেলা ভিত্তিক এই কর্মসূচিতে বক্তব্য রাখেন, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, ADC'র প্রাক্তন কার্যনির্বাহী সদস্যা সন্ধ্যা রাণী চাকমা প্রমুখ।

**************************

**Sudip Roy Barman :**

বিধায়ক সুদীপ রায় বর্মণ পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনে কংগ্রেসের পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন| এ.আই.সি.সি-র পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে একথা জানানো হয়েছে|

****************************

**Football tournament :**

আগরতলার উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজ থেকে ভগবান বিরসা মুন্ডা আন্ত: হোস্টেল ফুটবল প্রতিযোগিতায় শুরু হবে | জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে আয়োজিত এইফুটবল প্রতিযোগিতায় রাজ্যস্তরের মোট ১৬ টি দল অংশ নেবে | জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ড: কে. শশীকুমার গতকাল আগরতলার সাংবাদিক সম্মেলনে জানান, এই ফুটবল প্রতিযোগিতার শ্লোগান নির্ধারণ করা হয়েছে **Kick for Health, Play for Pride.**

*******************

**Vijay Hazare :**

বিজয় হাজারে ট্রফি সীমিত ওভারের ক্রিকেটের গ্রুপের শেষ খেলায় ত্রিপুরা গতকাল জয়লাভ করেছে। আমেদাবাদের গুজরাট কলেজ ক্রিকেট মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ১৯৭ রানে ঝারখান্ডকে হারিয়ে দেয়।

**********************

**Weather :**

রাজ্য জুড়ে শীতের প্রকোপ অব্যাহত রয়েছে। আজ সকালে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। যদিও তার ছিল

স্বাভাবিকের চাইতে ২.২ ডিগ্রি বেশি। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২১ ডিগ্রির কাছাকাছি। রাতের দিকে কোথাও কোথাও ঘন কুয়াশা পড়তে পারে। আগরতলা শহর আজ সকালে ছিল ঘন কুয়াশায় আবৃত।

*******************

*******************